

জবিতে প্রতি আসনে লড়বে ৬৭ শিক্ষার্থী

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ মাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষায় প্রতি আসনের বিপরীতে লড়বে ৬৭ শিক্ষার্থী। এবার ভর্তি পরীক্ষায় ৬টি অনুষদে ২ হাজার ৭৬০টি আসনের বিপরীতে ১ লাখ ৮৫ হাজার ৭৯ শিক্ষার্থী আবেদন করেছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, 'বি' ইউনিটের ৩০ সেপ্টেম্বর, 'সি' ইউনিটের ৪ অক্টোবর, 'এ' ইউনিটের ১১ অক্টোবর, 'ডি' ইউনিটের ১৮ অক্টোবর এবং 'ই' ইউনিটের পরীক্ষার্থীরা ২৫ অক্টোবর রাত ১২টা পর্যন্ত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। ১৭ সেপ্টেম্বর রাত ১২টায় এ ভর্তির আবেদনের সময় শেষ হয়। এবার 'এ' ইউনিটে ৭৬০টি আসনের বিপরীতে ৫৭ হাজার ৭০৩, 'বি' ইউনিটে ৭২০টি আসনের বিপরীতে ৪০ হাজার ৬৩৪, 'সি' ইউনিটে ৬২০টি আসনের বিপরীতে ৩৪ হাজার ৬৮৮, 'ডি' ইউনিটে ৫৬০টি আসনের বিপরীতে ৪৯ হাজার ৯৩০ এবং 'ই' ইউনিটে ১০০ আসনের বিপরীতে ২ হাজার ১২৪ শিক্ষার্থী ভর্তি পরীক্ষার জন্য আবেদন করেছে। ভর্তি সংশ্লিষ্ট বিস্তারিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে।